কোভিড-১৯ এর জন্য বিশেষ নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান সংক্রান্ত তথ্যঃ

নিচে এই তথ্যটি হিগাশিহিরোশিমা শহরের ওয়েবসাইট থেকে ইংরেজিতে (এবং অন্যান্য ভাষায়) নিম্নলিখিত ঠিকানায় পাওয়া যাবে:
URL https://www.city.higashihiroshima.lg.jp/soshiki/seisakukikaku/1/2/1/covid19/24205.html

Foreign Languages

○ কোভিড-১৯ এর জন্য বিশেষ নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের উদ্দেশ্য

কোভিড -১৯ (নোভেল করোনা ভাইরাস) এর বিস্তার এবং জরুরী অবস্থা ঘোষণার সাথে, জনগণকে সহযোগিতা করতে হবে এবং একটি অদৃশ্য শত্রুর বিরুদ্ধে লড়াই করতে ও একটি জাতীয় সংকট কাটিয়ে উঠতে আন্তরিকভাবে ঐক্যবদ্ধ হয়ে একসাথে কাজ করতে হবে। দেশজুড়ে যারা সংকট বিরোধী অনেক এবং বিভিন্ন প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে এবং স্বাস্থ্যসেবা ক্ষেত্রে যারা কাজ করছেন তাদের প্রতি প্রশংসা,কৃতজ্ঞতা ও শ্রদ্ধার সাথে এই প্রকল্পটি, সুগঠিত আবেদন প্রক্রিয়ার উপর ভিত্তি করে পরিবারের অর্থায়নের জন্য দ্রুত এবং উপযুক্ত সহযোগিতা করার লক্ষ্যে।

○ কোভিড-১৯ এর জন্য বিশেষ নির্দিষ্ট পরিমাণ অর্থ পাওয়ার যোগ্যতা

২০২০ সালের ২৭ এপ্রিল যাদের নিবন্ধিত ঠিকানা ছিল হিগাসিহিরোশিমা সিটিতে (যাদের আবাসনের সার্টিফিকেট আছে)। নিবন্ধিত ঠিকানাসহ নন-জাপানী (বিদেশী) বাসিন্দারাও যোগ্য কিন্তু সল্পমেয়াদী (ক্ষণস্থায়ী) বাসিন্দারা এবং অবৈধ বাসিন্দারা যাদের নিবন্ধিত ঠিকানা নেই তারা প্রদত্ত অর্থ পাওয়ার যোগ্য নয়।

○ যারা কোভিড-১৯ এর জন্য বিশেষ নির্দিষ্ট পরিমাণ অর্থ পাওয়ার জন্য আবেদন করতে পারবেন

কোভিড-১৯ এর জন্য বিশেষ নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের আবেদনগুলো পরিবারের প্রধান কর্তৃক করতে হবে এবং প্রদত্ত অর্থ পরিবারের প্রধানকে দেওয়া হবে।

○ কোভিড-১৯ এর জন্য বিশেষ নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের পরিমাণ

জন প্রতি ১০০০০০ ইয়েন।

○ কিভাবে আবেদন করবেন ※কোভিড-১৯ এর বিস্তার রোধ করতে, অনুগ্রহ করে নগর অফিসের কাউন্টারে ব্যক্তিগতভাবে আবেদন করবেন না।

১) ডাকের মাধ্যমে আবেদন

কোভিড-১৯ এর জন্য বিশেষ নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের জন্য অনুগ্রহ করে ব্যাংক একাউন্ট এবং আর্থিক প্রতিষ্ঠানের তথ্য, যাতে নির্দিষ্ট অর্থ প্রদান করা হবে তার জন্য আবেদন পত্রটি পূরণ করুন এবং বদ্ধ ফিরতি খামে ফরমটি ফেরত দিন।

※ ফরমের সাথে ফেরত খামে নিম্নলিখিতটি কাগজপত্র দিন:

・আবেদনকারীর পরিচয় যাচাই করার জন্য একটি প্রমাণপত্রঃআপনার এক কপি ড্রাইভিং লাইসেন্স,জাতীয় স্বাস্থ্যবীমা সার্টিফিকেট (কার্ড),বসবাসের কার্ড ইত্যাদি।

・যে ব্যাংক একাউন্টে অর্থ প্রদান করা হবে তার যাচাইয়ের জন্য: আপনার ব্যাংক বইয়ের একটি কপি,ক্যাশ কার্ড(এটিএম কার্ড) কপি ইত্যাদি।

২) অনলাইনে আবেদন (শুধুমাত্র তাদের জন্য যাদের রয়েছে মাই নম্বর এবং একটি কম্পিউটার বা স্মার্টফোন)

মাই নম্বর পোর্টাল এপ্লিকেশন স্ক্রিন থেকে পরিবারের প্রধানের বিস্তারিত প্রবেশ করান,পরিবারের সদস্য সংখ্যা এবং যে একাউন্টে অর্থ প্রদান করা হবে তার বিবরণ এবং একাউন্ট যাচাই করতে একটি ডকুমেন্ট আপলোড করুন।

○ আবেদনের সময়সীমা

আবেদনগুলো সোমবার,৩১ আগস্ট ২০২০ এর মধ্যে করতে হবে। এই তারিখের মধ্যে পোস্টমার্ক করা আবেদনগুলো গ্রহণযোগ্য হবে।

কোভিড-১৯ এর জন্য বিশেষ নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান সর্ম্পকিত অনুসন্ধানের জন্য
করোনাভাইরাস বিরুদ্ধে ব্যবস্থা জন্য অফিস, হিগাসিহিরোশিমা সিটি অফিস ☎ ০৮২-৪২৬-৩১২৭
অফিস সময়ঃ৮.৩০ থেকে ১৭.১৫(শনিবার, রবিবার এবং সরকারি ছুটির দিন বন্ধ)

বিপরীত দিকটিও অবশ্যই পড়তে ভুলবেন না

কোভিড-১৯ এর জন্য বিশেষ নির্দিষ্ট পরিমাণ অর্থ গ্রহণের আগের সংশ্লিষ্ট আনুষ্ঠানিকতা

【ডাকযোগে আবেদন】※অনলাইনে আবেদনের জন্য অনুগ্রহ করে মাই নম্বর পোর্টালে দেওয়া নির্দেশনাবলী অনুসরণ করুন।

১) কোভিড-১৯ এর জন্য বিশেষ নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের তথ্য পাওয়ার পর অনুগ্রহ করে, কোভিড-১৯ এর জন্য বিশেষ নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের তথ্য ও আবেদন ফরমটি মনোযোগ সহকারে পড়ুন।

২) কোভিড-১৯ এর জন্য বিশেষ নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের জন্য আবেদন ফরমের প্রয়োজনীয় তথ্য পূরণ করুন এবং আপনার কাছে প্রয়োজনীয় সহায়ক কাগজপত্র রয়েছে তা নিশ্চিত করুন।

অনুগ্রহ করে, আবেদন ফরমের ১ থেকে ৫ পর্যন্ত বিভাগের দেওয়া তথ্য খেয়াল করে দেখুন।
[পয়েন্টগুলো নোট করুন]

২ যাদের বক্সে একটি টিক চিহ্ন চিহ্নিত রয়েছে '□不要'
তারা কোভিড-১৯ এর জন্য বিশেষ নির্দিষ্ট পরিমাণ অর্থ গ্রহনে বিবেচিত হবেন না!
অনুগ্রহ করে, আপনি ভুল করে এই বক্সে টিক দেননি তা নিশ্চিত করুন।

☑ 不要
আমি প্রদত্ত অর্থ গ্রহণ করতে চাই না

৩
- অনুগ্রহ করে, এমন একটি ব্যাংক একাউন্ট নির্বাচন করুন যেটা আপনি নিয়মিত ব্যবহার করেন,যাতে প্রদত্ত অর্থ প্রদান করা হবে।আপনি যদি এমন একাউন্ট ব্যবহার করেন যা দীর্ঘদিন ব্যবহার করা হয়নি, তবে প্রদত্ত অর্থ প্রেরণ করা সম্ভব নাও হতে পারে।
- আপনার নির্বাচন করা একাউন্টটি যদি হিগাশিহিরোশিমা শহরের সাথে নিবন্ধিত হয়,তবে অনুগ্রহ করে ডানদিকের উদাহরণের মতো বক্সটিতে টিক দিন।

☑ 水道料金の引落
পানির বিল ব্যাংকে হস্তান্তর

- আপনার যদি কোন ব্যাংক একাউন্ট না থাকে তবে আপনি নগদ অর্থ গ্রহণের জন্য বিবেচিত হবেন। কোন তারিখে অর্থ প্রদান করা হবে তা হিগাশিহিরোশিমা শহর নির্ধারণ করবে।অনুগ্রহ করে,অর্থ নেওয়ার জন্য সেই তারিখে নগর (সিটি অফিস) দ্বারা নির্ধারিত স্থানে আসুন।

৫ প্রয়োজনীয় সহায়ক কাগজপত্র গুলো নিম্নরূপ রয়েছেঃ:
(আবেদনকারীর পরিচয় যাচাই করার জন্য একটি প্রমাণপত্র): আপনার এক কপি ড্রাইভিং লাইসেন্স,জাতীয় স্বাস্থ্য বীমা সার্টিফিকেট (কার্ড), মাই নম্বর কার্ড (শুধুমাত্র কার্ডের সামনের অংশ), বসবাসের সার্টিফিকেট (কার্ডের সামনের ও পিছনের অংশ), পাসপোর্ট ইত্যাদি।
※যদি আপনার কোন প্রতিনিধি আবেদন করে, তবে তার এবং পরিবারের প্রধান উভয়ের কাগজপত্র দেওয়া আবশ্যক।
(যে ব্যাংক একাউন্টে অর্থ প্রদান করা হবে তার বিবরণ যাচাই করার জন্য একটি ডকুমেন্ট): আপনার ব্যাংকের বইয়ের এক কপি (বইটি খোলার পর প্রথম পৃষ্ঠা), ক্যাশ কার্ড (এটিএম কার্ড), ইন্টারনেট ব্যাংকিং স্ক্রিন ইত্যাদি। (ডকুমেন্টটিতে আর্থিক প্রতিষ্ঠানের নাম, শাখার নাম,একাউন্ট নম্বর, একাউন্টধারীর নাম (কাতাকানায়) উল্লেখ থাকতে হবে।)

৩) কোভিড-১৯ এর জন্য বিশেষ নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের জন্য আবেদন ফরমটি এবং প্রয়োজনীয় সহায়ক কাগজপত্রের কপি বদ্ধ খামে করে হিগাশিহিরোশিমা শহরের ঠিকানায় পাঠিয়ে দিন।

৪) কোভিড-১৯ এর জন্য বিশেষ নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের জন্য আপনি যে তথ্য দিয়েছেন তা হিগাশিহিরোশিমা শহর যাচাই করবে (এই ধাপ অনলাইন আবেদনের জন্যও সমান প্রযোজ্য) এবং আপনার দেওয়া নির্দিষ্ট ব্যাংক একাউন্টে অর্থ দেওয়া হবে।

আমরা যত দ্রুত সম্ভব অর্থ প্রদান করব। তবে আপনার আবেদন প্রক্রিয়া করতে এক মাস পর্যন্ত সময় লাগতে পারে, আপনার আবেদনটি গ্রহণ করার পর।

অনুগ্রহ করে,নভেল করোনা ভাইরাস সম্পর্কিত এবং কোভিড-১৯ এর জন্য বিশেষ নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের ক্ষেত্রে জালিয়াতির বিষয়ে সর্তক থাকুন!

পৌরসভা বা সরকারের কর্মচারী ইত্যাদির কর্মীরা, আপনাকে হ্যান্ডলিং ফি দেওয়া, ইলেকট্রনিক টাকা ক্রয়, এটিম চালু করতে (একটি ব্যাংকে, কনভেনিয়েন্স স্টোর, ইত্যাদি) অর্থ দেওয়ার কথা যে, কোভিড-১৯ এর জন্য বিশেষ নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের সাথে সম্পর্ক আছে কখনোই তা বলবে না। এছাড়াও, পৌরসভা বা সরকারের কর্মচারী ইত্যাদির কর্মীরা কখনও আপনার ক্রেডিট কার্ড নম্বর, আপনার ব্যাংক অ্যাকাউন্টের জন্য পিন নম্বর ইত্যাদি জিজ্ঞাসা করবে না। আপনি যদি সন্দেহজনক টেলিফোন কল পান, তবে দয়া করে পুলিশে যোগাযোগ করুন।